

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১১.২৪৫.২১-২৭০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯  
১০ আগস্ট ২০২২

**বিষয়: দক্ষিণ বনশ্রী মডেল হাইস্কুল, ঢাকা এর অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে জবাব প্রেরণ।**

- সূত্র: (১) ৩৭.০২.০০০০.১০৭.০১.০৯৬.২০২০/৪৭; তারিখ: ০৯/০৬/২০২১ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইটি/সিটি/৩২৮-এস/ঢাকা:৪৯২৫; তারিখ: ০৩/০২/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১২/১২/২০১৫ তারিখ ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন দক্ষিণ বনশ্রী মডেল হাইস্কুলটি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের দফাওয়ারী রিপোর্ট জবাব প্রতিষ্ঠান প্রধান, জেলা শিক্ষা অফিসার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামতসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ করা হয়। গত ১৫/০৩/২০২২ তারিখে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রিপোর্ট জবাব পর্যালোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

অভিযোগ বিবরণী	মন্ত্রণালয়ের সিদ্ধান্ত
১) ০৪/০২/২০১০ তারিখের নীতিমালার ১৩ অনুচ্ছেদের এবং পরিশিষ্ট-ঘ এর ক(৬) মোতাবেক নিয়োগকালে কাম্য অভিজ্ঞতা ১০ বছর ছিলনা বিধায় সহকারী প্রধান শিক্ষক পদে তার নিয়োগ বিধিসম্মত হয়নি।	সহকারী প্রধান শিক্ষক জনাব মো. আলম সরদার এর বিপরীতে উত্থাপিত অভিযোগের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামত হল “মন্ত্রণালয়ের সদয় সিদ্ধান্ত কামনা করা হল”। উল্লিখিত মতামতের আলোকে সুনির্দিষ্ট অভিযোগের বিপরীতে মাউশি অধিদপ্তরের অবস্থান স্পষ্ট নয়। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষকের বিপরীতে উত্থাপিত সুনির্দিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মতামত গ্রহণ করা আবশ্যিক। বর্ণিত প্রেক্ষাপটে প্রতিটি অভিযোগের বিষয়ে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত প্রেরণ করবেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২) সহকারী প্রধান শিক্ষক পদে আবেদন কালে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করার অভিযোগ।	
৩) সহকারী প্রধান শিক্ষক পদে যোগদানের পূর্বে পূর্ব প্রতিষ্ঠানের ছাড়পত্র দাখিল না করার অভিযোগ।	
৪) একই সময়ে দুই প্রতিষ্ঠান থেকে সরকারি বেতন-ভাতা উত্তোলন করার অভিযোগ।	

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**মহাপরিচালক**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. জেলা শিক্ষা অফিসার, ঢাকা
৫. প্রধান শিক্ষক, দক্ষিণ বনশ্রী মডেল হাইস্কুল, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৭. অফিস কপি।

মোহা: লিয়াকত আলী

উপসচিব

ফোন - ০২৫৫১০০৮১৭